

## সিলেটের বিয়ানীবাজারে একটি কিন্ডারগার্টেন স্কুল বন্ধ করে দিয়েছে শিক্ষা বোর্ড

### সিলেট অফিস

সিলেটের বিয়ানীবাজারে আল আমিন কিন্ডারগার্টেন স্কুলটি বন্ধ করে দিয়েছে শিক্ষা বোর্ড। ফলে ভর্তি হওয়া কয়েক শ ছাত্রছাত্রীর লেখাপড়া নিয়ে উদ্বেগ হয়ে পড়েছেন অভিভাবকরা। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড সিলেট প্রতিষ্ঠানটি বন্ধ করে দেয়। একটি এমপিওভুক্ত হাই স্কুলের ভবন ব্যবহার করে দীর্ঘ প্রায় ৫ বছর ধরে স্কুলটি পরিচালিত হয়ে আসছিল। কোন ধরনের অনুমতি ছাড়াই এলাকার প্রভাবশালী ব্যক্তি জামাল উদ্দিন চৌধুরী বিয়ানীবাজার উপজেলার কাকুরা বাজারস্থ জমশেদ আহমদ উচ্চ বিদ্যালয় ভবনে এ স্কুল পরিচালনা করে আসছিলেন। জামাল উদ্দিন চৌধুরী নিজেও এমপিওভুক্ত স্থানীয় রহমতাবাদ দারুস সুন্নাহ দাব্বিল মদ্রাসার শিক্ষক ও উপজেলার কাকুরা বাজার জামে মসজিদের ইমাম। হাই স্কুল ভবনটি ব্যবহার করে সেখানে বাণিজ্যিক ভিত্তিতে উপরোক্ত

কেজি স্কুল পরিচালিত হওয়ায় স্কুলের ছাত্রছাত্রীদের লেখাপড়ায় বিঘ্ন ঘটছিল। তাই এলাকাবাসী গত বছর ডিসেম্বর মাসে সিলেট শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের কাছে লিখিত আবেদন করলেও কোন ফল পাননি। ৩ জুন খালেদ আহমদের আরেকটি আবেদন একই কর্তৃপক্ষের কাছে পৌঁছেলে বোর্ড কর্তৃপক্ষ বিষয়টির সরজমিন তদন্ত করে অভিযোগের সত্যতা পায়।

এদিকে মোটা অঙ্কের টাকা ফি দিয়ে ওই স্কুলে ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের লেখাপড়া নিয়ে উদ্বেগ হয়ে পড়েছেন অভিভাবকরা। প্রথম সাময়িক পরীক্ষা শেষ হওয়ার পর হঠাৎ করে স্কুলটি বন্ধ হয়ে যাওয়ায় ছাত্রছাত্রীদের অন্যত্র ভর্তিও করতে পারছেন না তারা। এ ব্যাপারে জমশেদ আহমদ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জালাল উদ্দিন ও আল আমিন কিন্ডারগার্টেন স্কুলের প্রধান শিক্ষক জামাল উদ্দিন চৌধুরীর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি কেজি স্কুলটি বন্ধ হওয়ার কথা স্বীকার করেন।